বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
web: www.ecs.gov.bd
ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮, ৫৫০০৭৬১১

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৮৪৪

তারিখ: ১০ পৌষ ১৪২৫ / ২৪ ডিসেম্বর ২০১৮

**পরিপত্র-১৯**

বিষয় : **প্রাথমিক বেসরকারি ফলাফল ও পরিস্থিতি প্রতিবেদন সংগ্রহ এবং পরিবেশন**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে রিটার্নিং অফিসারদের নিকট হতে নির্বাচন কমিশন সচিবালয়ে ভোটগ্রহণ চলাকালে পরিস্থিতি প্রতিবেদন সংগ্রহ করা হবে। ভোটগ্রহণ শেষে প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ ও পরিবেশন করা হবে। উল্লিখিত কার্যক্রম ভোটগ্রহণের দিন সকাল ০৮-০০ ঘটিকা হতে শুরু করে বেসরকারি ফলাফল না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

২। পরিস্থিতি প্রতিবেদন ও প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহের দায়িত্বে নিয়োজিতব্য কর্মকর্তার নাম-পদবী, তাদের জন্য নির্ধারিত জেলার নাম ও নির্ধারিত ইন্টারনাল একাউন্ট/টেলিফোন/ফ্যাক্স নম্বর আলাদাভাবে জানানো হবে। উল্লিখিত তথ্যাদি প্রাপ্তির পর রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত **"ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** হতে কোন্ কর্মকর্তা ফলাফল প্রেরণ করবেন তা ভোটগ্রহণ দিনের পূর্বেই জানিয়ে দিতে হবে। তাছাড়া ভোটগ্রহণের দিন পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ করার জন্য কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন তাও পূর্বাহ্নে জানিয়ে দিতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পূর্ব থেকেই নির্ধারিত ইন্টারনাল একাউন্ট নম্বর, টেলিফোন ও ফ্যাক্স নম্বর সঠিক আছে কিনা বা সচল আছে কিনা অথবা ইন্টারনাল সাইট/ইন্ট্রানেট বা নেটওয়ার্ক বা ইন্টারনাল একাউন্ট ক্ষেত্র বিশেষে ই-মেইল যথাযথ কার্যকর আছে কিনা তা যাচাই করে নিবেন।

৩। ভোটগ্রহণ শেষে "বার্তা প্রেরণ শিট" এর মাধ্যমে প্রাথমিক বেসরকারি ফলাফল প্রেরণ করার লক্ষ্যে নির্ধারিত নমুনা **পরিশিষ্ট-ক** এ সংযুক্ত করা হলো। উল্লিখিত বার্তা ফরমে ক্রমপুঞ্জিত আকারে (Cumulative) প্রাথমিক বেসরকারি ফলাফল ইন্টারনাল সাইটে নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার একাউন্টে প্রেরণ করতে হবে। ইন্টারনাল একাউন্টে বার্তা প্রেরণে সমস্যা হলে অথবা বিলম্বিত হওয়ার সম্ভাবনা থাকলে ই-মেইল ও ফ্যাক্সযোগে প্রেরণ করতে হবে। নির্বাচন কমিশন সচিবালয় দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা রিটার্নিং অফিসার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কর্মকর্তার সাথে নির্ধারিত টেলিফোনের মাধ্যমে যোগাযোগ করে প্রেরিত বার্তা সম্পর্কে নিশ্চিত হবেন এবং দ্রুততার সাথে বার্তা প্রদানের জন্য টেলিফোনে যোগাযোগ করবেন। প্রতিটি বার্তা শিটে রিটার্নিং অফিসার নিজে স্বাক্ষর করবেন এবং স্বাক্ষরের নীচে **কোড নম্বর** প্রদান করবেন। কোড নম্বর নির্বাচন কমিশন সচিবালয়ের যুগ্মসচিব (নির্বাচন পরিচালনা-২) এর নিকট হতে সংগ্রহ করতে হবে। কোন কারণে স্বাক্ষর করতে না পারলে আংশিক ফলাফলে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক অথবা দায়িত্বশীল অন্য কোন কর্মকর্তার স্বাক্ষরে বার্তা প্রেরণ করা যাবে। তাঁকেও একটি কোড নম্বর ব্যবহার করতে হবে। এ কোড নম্বরও যুগ্মসচিব (নির্বাচন পরিচালনা-২) এর নিকট হতে সংগ্রহ করতে হবে। এজন্য অবশ্যই উক্ত কর্মকর্তাদের নমুনা স্বাক্ষর সত্যায়িত করে ভোটগ্রহণ দিনের পূর্বেই নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। তবে চূড়ান্ত বার্তা শিট অবশ্যই রিটার্নিং অফিসারের স্বাক্ষরে প্রেরণ করতে হবে এবং RMS এ নির্ধারিত পদ্ধতিতে আপলোড করতে হবে।

৪। **Result Management System (RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণ:** প্রত্যেক নির্বাচনি এলাকার প্রাথমিক বেসরকারী ফলাফল যথাযথভাবে প্রাপ্তির লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের ইন্টারন্যাল ব্যবস্থায় নির্ধারিত "Result

Management System (RMS)" সফটওয়ার ব্যবহার করতে হবে। উল্লিখিত সফটওয়ারের মাধ্যমে তথ্য প্রেরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল নির্ধারণ করে তাদেরকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত কেন্দ্রভিত্তিক ভোটগণনার বিবরনী (ফরম-১৬) হতে ফলাফল সহকারী রিটার্নিং অফিসার এর কার্যালয় হতে RMS সফটওয়ারের মাধ্যমে এন্ট্রি করতে হবে। একই সাথে ফরম-১৬ Scan করে উক্ত সফটওয়ারের মাধ্যমে আপলোড করবেন এবং তথ্যাদি সংরক্ষণ করবেন। সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে প্রেরিত তথ্যাদি রিটার্নিং অফিসার এর কার্যালয়ে যাচাইপূর্বক রিটার্নিং অফিসারের অনুমোদনক্রমে বার্তাশীট প্রস্তুত করবেন। এরপর বার্তাশীট প্রিন্ট করে রিটার্নিং অফিসারের স্বাক্ষর প্রদানপূর্বক স্ক্যান করে RMS এর মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন। এ বিষয়ে সহকারী রিটার্নিং অফিসারকে উপজেলা নির্বাচন অফিসার এবং রিটার্নিং অফিসারকে জেলা নির্বাচন অফিসার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

২৪/১২/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব (নিঃপঃ-২)
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস) ৭৯১১৮৪৬ (বাসা)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

প্রাপক

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার

২। জেলা প্রশাসক, ................ (সকল) ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৮৪৪

তারিখ: ১০ পৌষ ১৪২৫ / ২৪ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, .............................. (রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ)
১১. উপমহাপুলিশ পরিদর্শক, .............................. রেঞ্জ (সকল)
১২. পুলিশ কমিশনার, ......................................... মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .................................... (সকল)
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. জোনাল এক্সিকিউটিভ অফিসার, .............................. (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২০. পুলিশ সুপার, .................................. (সকল)

২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .............................. (সকল)

২৩. উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার

২৪. ............................................................ ও সহকারী রিটার্নিং অফিসার

২৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................... (সকল)

২৬. জেলা তথ্য অফিসার, ............................... (সকল)

২৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৩১. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ....................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

৩২. উপজেলা/থানা নির্বাচন অফিসার......................... (সকল)

৩৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................... (সকল থানা)

৩৪. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

২৪/০২/১৮


**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮
E-mail: sasemc1@gmail.com

**পরিশিষ্ট-ক**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন

**প্রাথমিক বেসরকারি ফলাফল**

**বার্তা প্রেরণ শিট**

নির্বাচনি এলাকার নম্বর ও নাম:

মোট ভোটারের সংখ্যা:

মোট ভোটকেন্দ্রের সংখ্যা:

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যা:

বার্তা নম্বর:

| ক্রমিক | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | রাজনৈতিক দল/জোট-এর নাম | বরাদ্দকৃত প্রতীক | এ পর্যন্ত প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| |
|---|
| মোট বৈধ ভোটের সংখ্যা: |
| বাতিলকৃত ভোটের সংখ্যা: |
| সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যা: |

বন্ধঘোষিত ভোট কেন্দ্রের সংখ্যা:

বন্ধঘোষিত ভোট কেন্দ্রের ভোটার সংখ্যা:

রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবী:

নাম :
পদবী :
স্বাক্ষর :
তারিখ :
সময় :
কোড নম্বর :

এই ফরমে ক্রমপুঞ্জিত (Cumulative) আকারে বেসরকারি ফলাফল প্রেরণে নির্ধারিত ইন্টারনাল একাউন্ট/ফ্যাক্স ও ক্ষেত্রবিশেষে টেলিফোন ব্যবহার করতে হবে।